

# Help the poor and needy with Winter Clothes

www.pathwaybd.org

Bengal Paush and Magh winter in the seasonal cycle. There are no more seasons in this land of six seasons. Impact of all three seasons in winter, summer and monsoon due to climate change. Extreme heat, extreme cold and heavy rains have more impact. Although Bengali Paush and Magha are winters in the six seasons, some years the winter starts from the end of Kartika and lasts till the month of Falgun. Climate change causes temperatures to rise and levels to fall. As the temperature drops, so does the severity of winter. This winter often turns into a bone-chilling winter.

ঋতু পরিক্রমায় বাংলা পৌষ ও মাঘ শীতকাল। ষড়ঋতুর এই দেশে এখন আর ষড়ঋতু নেই। জলবায়ু পরিবর্তনের কারণে শীত, গরম ও বর্ষা- এ তিন ঋতুরই প্রভাব। প্রচণ্ড গরম, অতিমাত্রায় শীত ও অতিবৃষ্টির প্রভাব বেশি। ষড়ঋতুতে বাংলা পৌষ ও মাঘ শীতকাল হলেও কোনো কোনো বছর কার্তিকের শেষদিক থেকে শীত শুরু হয় এবং তা থাকে ফাল্গুন মাস পর্যন্ত। জলবায়ু পরিবর্তনজনিত তাপমাত্রা বৃদ্ধি পায় এবং এর মাত্রা নিচে নেমে আসে। তাপমাত্রা যখন কমতে থাকে, তখনই শীতের তীব্রতা বৃদ্ধি পায়।



Winter is very difficult for poor and destitute people. When winter comes, the poor and helpless people get cold. Happiness is followed by sadness as winter follows summer. And we have to live with happiness and sadness. Similarly, winter comes with happiness, joy and mirth for the rich and sorrow, despair and turmoil for the poor. On the

দরিদ্র ও ছিন্নমূল মানুষের জন্য শীতকাল বড় কষ্টের। শীতকাল এলেই দরিদ্র অসহায় মানুষ শীতে জবুথবু হয়ে যায়। গ্রীষ্মকালের পর যেমন শীতকাল আসে তেমনিভাবে সুখের পর দুঃখ। আর সুখ-দুঃখকে নিয়েই আমাদেরকে জীবনযাপন করতে হয়। একইভাবে শীতকাল এসেছে ধনীদের জন্য সুখ, আনন্দ ও উল্লাস নিয়ে এবং গরিবদের

one hand, when winter comes, the rich class people rejoice with happiness. On the other hand, when winter comes, poor, unfortunate, underprivileged people feel sad. Winter is a curse for the underprivileged in our society. As we know, disadvantaged people can live on footpaths, railway stations and slums during summer or hot days. But in winter it is very difficult or unbearable for them to stay on footpath or railway station. Apart from that, they sometimes have to go without food in winter.

জন্য দুঃখ, হতাশা ও অশান্তি নিয়ে। একদিকে শীতকাল এলে বিত্তবান শ্রেণির মানুষগুলো খুশিতে আনন্দিত হয়। অন্যদিকে শীতকাল এলে গরীব, দুর্ভাগা, সুবিধাবঞ্চিত মানুষগুলো দুঃখিত হয়। আমাদের সমাজে সুবিধাবঞ্চিত মানুষদের জন্য শীতকাল হলো এক ধরনের অভিশাপ। আমরা জানি, সুবিধাবঞ্চিত মানুষগুলো গ্রীষ্মকালে বা গরমের দিনে ফুটপাথ, রেলস্টেশন ও বস্তিতে থাকতে পারে। কিন্তু শীতকালে তাদের জন্য ফুটপাথ কিংবা রেলস্টেশনে থাকা খুবই কষ্টকর বা অসহনীয়। তা ছাড়া শীতে তাদেরকে মাঝেমধ্যে না খেয়েও থাকতে হয়।






They do not have even the least protection against the harshness of cold currents. As a result, the suffering of the helpless and the poor only increases. Old people, children and poor people on footpaths also die for lack of warm clothes. Since last few days, the severity of winter has increased in different parts of the country. The current cold weather and the low-income people of the northern part of the cold country are having a hard time, along with the children are suffering from diarrhea, fever, sneezing, cough, shortness of breath and other cold-related diseases.

শৈত্যপ্রবাহের রুক্ষতা থেকে রক্ষা পাওয়ার ন্যূনতম ব্যবস্থাপনাও তাদের থাকে না। ফলে অসহায় ও হতদরিদ্রদের কষ্ট কেবল বেড়েই যায়। বৃদ্ধ, শিশু ও ফুটপাথের গরিব মানুষ গরম কাপড়ের অভাবে মারাও যায়। গত কয়েক দিন থেকে দেশের বিভিন্ন স্থানে শীতের তীব্রতা অনেক বেড়েছে। বর্তমান শৈত্যপ্রবাহ আর ঠান্ডা দেশের উত্তরাঞ্চলের নিম্নআয়ের জনগণ অত্যন্ত কষ্টে দিনাতিপাত করছে, সেই সঙ্গে ডায়রিয়া, জ্বর, হাঁচি, কাশি, শ্বাসকষ্টসহ ঠান্ডাজনিত রোগব্যাধিতে আক্রান্ত হচ্ছে শিশুরা।

## Project Summary

A large part of people in Bangladesh enjoy winter. But it becomes a harsh reality for the poor in this country. Where people struggle to fulfill their rights, it is not possible for them to buy warm clothes in bitter winters. **PATHWAY** has been distributing among the needy and helpless for a long time. The aim of this project is to maintain the continuity of these activities.




## প্রকল্পের সারসংক্ষেপ

বাংলাদেশের একটা বড় অংশের মানুষ শীতকাল উপভোগ করে। কিন্তু এদেশের দরিদ্রদের জন্য এটি কঠিন বাস্তবতা হয়ে দাঁড়ায়। যেখানে মানুষ নিজের অধিকার পূরণ করতে লড়াই করে, সেখানে হাড় কাঁপা শীতে গরম কাপড় ক্রয় তাদের জন্য সম্ভব হয় না। 'পাথওয়ে' দীর্ঘদিন যাবত দুস্থ ও অসহায় এ সকল শীতার্তদের মাঝে বিতরণ করে আসছে। এ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখাই এই প্রকল্পের লক্ষ্য।



## Challenge

Due to the decrease in temperature in Bangladesh in winter, the poor and helpless people suffer from lack of warm clothes. Apart from the economically backward, people from socially backward communities also face harsh realities in these adverse times.

## চ্যালেঞ্জ

শীতকালে বাংলাদেশের তাপমাত্রা কমে যাওয়ার ফলে দরিদ্র ও অসহায় মানুষটা গরম কাপড়ের অভাবে কষ্ট করে। অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়াদের পাশাপাশি সমাজে অনগ্রসর জনগোষ্ঠীর মানুষও এই প্রতিকূল সময়ে কঠিন বাস্তবতার মুখোমুখি হয়।

## Solution

Through this project we will distribute blankets and winter clothes to helpless and distressed people. This is a big campaign through which winter clothing will be delivered to the underprivileged in phases.

## সমাধান

এই প্রকল্পের মাধ্যমে আমরা অসহায় ও দুস্থ মানুষের মাঝে কম্বল ও শীতবস্ত্র বিতরণ করব। এটি বেশ বড় একটি কর্মযজ্ঞ যার মাধ্যমে পর্যায়ক্রমে সুবিধা বঞ্চিতদের কাছে তাদের প্রয়োজনীয় শীতবস্ত্র পৌঁছে দেওয়া হবে।




## Long-Term Impact

Blankets will be distributed to 11,800 helpless and disadvantaged people through this project. That will protect them from the harshness of winter for several years.

## দীর্ঘমেয়াদী প্রভাব

এই প্রকল্পের মাধ্যমে ১১৮০০ অসহায় ও অসুবিধা বঞ্চিতদের মাঝে কম্বল বিতরণ করা হবে। যা তাদের দীর্ঘ কয়েক বছর শীতের প্রকোপ থেকে রক্ষা করবে।

**<u>Some pictures of distribution of blankets and winter clothes in previous years:</u>**










PATHWAY


পাথওয়ে
পাথওয়ে


পাথওয়ে






পাথওয়ে







PATHWAY®

Address: House 02, Road 06, Senpara Parbata, Kafrul,
Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: +88 02 58053743 Mobile: +88 01321 232980
E-mail: info@pathwaybd.org Web: www.pathwaybd.org